7,14,131
6,51,212

ইন্টারনেট সংস্করণ: http//www.ba

বর্তমান

কলকাতা, শনিবার ১৪ সেপ্টেম্বর ২০১৯, ২৮ ভাদ্র ১৪২৬

# উৎপাদন শিল্পকে সহায়তায় উদ্যোগী সিএমইআরআই

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** ইইপিসি ইন্ডিয়া টেকনোলজি সেন্টারের সঙ্গে যৌথভাবে অ্যাডভান্সড ম্যানুফ্যাকচারিংয়ের উপর একটি অলোচনাসভার আয়োজন করল দুর্গাপুরের সিএসআইআর-সেন্ট্রাল মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং রিসার্চ ইনস্টিটিউট। শুক্রবারের ওই আলোচনাসভায় সিএমইআরআইয়ের ডিরেক্টর হরীশ হিরানি জানান, যেহেতু কর্মসংস্থানের জন্য উৎপাদন শিল্পে জোর দেওয়া ছাড়া উপায় নেই, তেমনই তার উদ্ভাবন ও গবেষণাও জরুরি। সেই কথা মাথায় রেখেই তাঁরা ছোট ও মাঝারি শিল্পের ডিজাইন ও উৎপাদন সংক্রান্ত কৌশল তৈরিতে এগিয়ে এসেছেন। ওই ট্রেনিংয়ে পড়ুয়া ও উদ্যোগপতিদের দক্ষতা বৃদ্ধির সুযোগ রয়েছে।

Scanned by CamScanner